# AKASHVANI (Kolkata)

## Regional News Unit

**Date: 20-01-2026** **Desk in Charge :- SDG**

**Time: 1.30 P.M.** **Compiling: Jayanta S.**

**DEO:- KB** **NRT : Srijit M.**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবরঃ–

১/ নীতিন নবীন বিজেপির কার্যনির্বাহী সভাপতি হিসেবে সর্বসম্মতভাবে নির্বাচিত হয়েছেন।

#প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁকে ধন্যবাদ জানিয়ে বলেছেন শুধু বিজেপি নয় NDA সহযোগী দলগুলির সঙ্গে তিনি সমন্বয় রেখে চলবেন।

২/ এনফোর্সমেন্ট নির্দেশনালয় ‘ED’ আজ 'অর্থ তছরূপ নিরোধক আইন'-এর অধীনে কেরালা, তামিলনাড়ু এবং কর্নাটকের বিভিন্ন জায়গায় তল্লাশি চালাচ্ছে।

৩/ বোম্বে হাইকোর্ট আদিবাসী অধ্যুষিত মেলঘাট অঞ্চলে শিশু ও মায়েদের লাগাতার মৃত্যুর মোকাবিলায় ব্যর্থতার জন্য মহারাষ্ট্র সরকারকে তিরস্কার করেছে।

৪/ মার্কিন শুল্ক আরোপের হুমকির প্রেক্ষিতে ইউরোপীয় ইউনিয়নের দেশগুলি আগামী বৃহস্পতিবার একটি জরুরি শিখর সম্মেলনের ডাক দিয়েছে।

৫/ মহিলাদের প্রিমিয়ার লিগ ক্রিকেটে আজ দিল্লি ক্যাপিটালস, মুম্বই ইন্ডিয়ান্স এর মুখোমুখি হবে।

*****************************************************************

বিজেপির কার্যনির্বাহী সভাপতি নীতিন নবীন আনুষ্ঠানিকভাবে দলের নতুন সভাপতি নির্বাচিত হয়েছেন। দলের জাতীয় রিটার্নিং অফিসার ডক্টর কে. লক্ষ্মণ নতুনদিল্লিতে আজ বিজেপির সদর দফতরে শ্রী নবীনকে দলের নতুন সভাপতি হিসেবে নিয়োগের কথা ঘোষণা করেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ, রাজনাথ সিং, জেপি নাড্ডা ও নীতিন গড়করি শ্রী নবীনকে অভিনন্দন জানান।

প্রধানমন্ত্রী বলেন,

( বাইট- মোদী )

উল্লেখ্য, বিজেপি সভাপতি পদের জন্য কেবল তাঁরই নাম প্রস্তাব হওয়ায় শ্রী নবীন বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। দলের রিটার্নিং অফিসার ডঃ কে. লক্ষ্মণ জানান যে নীতিন নবীনের পক্ষে ৩৭ টি মনোনয়নপত্র গৃহীত হয়েছিল।

বিজেপি-র প্রাক্তন সভাপতি জগৎ প্রকাশ নাড্ডাও নীতিন নবীনের সভাপতি হ ওয়ার ভূয়সী প্রশংসা করেছেন।

( বাইট- নাড্ডা)

*********************

এনফোর্সমেন্ট নির্দেশনালয় ‘ED’ আজ 'অর্থ তছরূপ নিরোধক আইন'২০০২-এর অধীনে কেরালা, তামিলনাড়ু এবং কর্নাটকের বিভিন্ন জায়গায় তল্লাশি চালাচ্ছে।

শবরীমালা মন্দিরের সোনা ও অন্যান্য মন্দিরের সম্পত্তি তছরূপের ঘটনায় ইডির এই অভিযান। কেরালা ক্রাইম ব্রাঞ্চ একাধিক এফআইআর জারি করার পর নির্দেশালয় এই সিদ্ধান্ত নিয়েছে। প্রাথমিক তদন্তে জানা গেছে সোনার পাত দিয়ে মোড়ানো নিদর্শনগুলিকে রুপোর পাত রয়েছে বলে জানিয়ে সেগুলিকে মন্দিরের বাইরে সরিয়ে ফেলা হয়। ইডি সার্বিক পরিস্থিতি পর্যালোচনা করে শবরীমালা মন্দিরের বিভিন্ন আর্থিক দুর্নীতি,অর্থপাচারসহ বিভিন্ন আইন বহির্ভূত বিষয় নিয়ে তদন্ত শুরু করেছে।

*********************

বোম্বে হাইকোর্ট আদিবাসী অধ্যুষিত মেলঘাট অঞ্চলে শিশু ও মায়েদের লাগাতার মৃত্যুর মোকাবিলায় ব্যর্থতার জন্য মহারাষ্ট্র সরকারকে তিরস্কার করেছে। আদালত রাজ্যকে স্বাস্থ্য

পরিষেবার পরিকাঠামোগত উন্নতির জন্য কর্মীনিয়োগের পরামর্শ দিয়েছে। এছাড়াও আগামী ৪ সপ্তাহের মধ্যে পূর্ববর্তী কমিটির প্রতিবেদন বাস্তবায়িত করার নির্দেশ দিয়েছে।

একটি জনস্বার্থ মামলায় দুই সদস্যের বেঞ্চ জানিয়েছেন, জনস্বাস্থ্য বিভাগকে গ্রামাঞ্চলে চিকিৎসক পাঠিয়ে পরিস্থিতির মোকাবিলা করতে হবে।

*********************

গণতন্ত্র ও নির্বাচনী ব্যবস্থাপনা নিয়ে নির্বাচন কমিশন আগামী বুধবার, ২১শে জানুয়ারি বিশ্বের অন্যতম বৃহৎ আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করতে চলেছে। নতুন দিল্লির ভারত মন্ডপমে এই সম্মেলন, ইন্ডিয়া ইন্টারন্যাশনাল কনফারেন্স অন ডেমোক্রেসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্ট’- আইআইসিডিইএম-২০২৬ চলবে শুক্রবার ২৩ তারিখ পর্যন্ত।

নির্বাচন কমিশনের অধীন ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব ডেমোক্রেসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্ট তিন দিন ব্যাপী এই সম্মেলনের আয়োজন করছে। বিশ্বের ৭০টিরও বেশি দেশ থেকে প্রায় ১০০ জন আন্তর্জাতিক প্রতিনিধি এতে অংশ নেবেন। পাশাপাশি বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা, ভারতে অবস্থিত বিদেশী মিশন, এবং নির্বাচন ব্যবস্থাপনা ক্ষেত্রে গবেষক ও অভিজ্ঞ বিশেষজ্ঞরাও উপস্থিত থাকবেন।

উদ্বোধনী অধিবেশনে আন্তর্জাতিক প্রতিনিধিদের স্বাগত জানাবেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এবং নির্বাচন কমিশনার সুখবীর সিং সান্ধু ও বিবেক যোশী।

*********************

ভারত ও সংযুক্ত আরব আমিরশাহী ২০৩২ সালে দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ দ্বিগুন করে ২০ হাজার কোটি ডলার করতেও সম্মত হয়েছে। নতুন দিল্লিতে গতকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং সংযুক্ত আরব আমিরশাহীর রাষ্ট্রপতি শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ান মধ্যে এক প্রতিনিধি পর্যায়ের বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিরক্ষা, মহাকাশ, শক্তি, সুপার কম্পিউটিং ও খাদ্য নিরাপত্তা ক্ষেত্রে দু দেশের মধ্যে বেশ কয়েকটি চুক্তি স্বাক্ষরিত হয়।

বৈঠকের পরে বিদেশ সচিব বিক্রম মিস্রি সাংবাদিকদের বলেন, দু-দেশের মধ্যে প্রতিরক্ষা ক্ষেত্রে কৌশলগত অংশীদারিত্বের বিষয়ে পরিকাঠামোগত একটি চুক্তি সম্পাদন করতে লেটার অফ ইনটেন্ট বা ইচ্ছেপত্র স্বাক্ষরিত হয়েছে। মহাকাশ পরিকাঠামোর

উন্নয়ন ও বাণিজ্যিকরণ ক্ষেত্রে যৌথ উদ্যোগ গ্রহণ, গুজরাতের ঢোলেরায় বিশেষ বিনিয়োগ অঞ্চল গড়ে তোলার ক্ষেত্রে ইউ এ ই র অংশগ্রহণ এবং ভারতের HPCL ও ইউ এ ই র Adnoc Gas সংস্থার মধ্যে কেনা বেচা সংক্রান্ত চুক্তিও স্বাক্ষর করে দুটি দেশ। ভারত ও সংযুক্ত আরব আমিরশাহি, এ দেশে একটি সুপার কম্পিউটিং ক্লাস্টার গড়ে তুলতেও সম্মত হয়েছে। ইউ এ ই-র সক্রিয় সহযোগিতায় গুজরাতের ঢোলেরায় বিশেষ বিনিয়োগ অঞ্চল গড়ে তোলা হলে সেখানে আন্তর্জাতিক বিমান বন্দর, পাইলট প্রশিক্ষণ কেন্দ্র ও আধুনিক শহরাঞ্চলীয় টাউনশিপ নির্মাণ করা সম্ভব হবে, বাড়বে রেল যোগাযের, উন্নত হবে বিদ্যুৎ এর পরিকাঠামো।

প্রথম আবু ধাবি ব্যাংক ও DP world, গুজরাতের GIFT শহরে তাদের অফিস খুলবে। এ ছাড়া আবু ধাবিতে গড়ে তোলা হবে একটি House of India, যাতে ভারতের সংস্কৃতি , ঐতিহ্য ও স্থাপত্যের প্রতিফলন ঘটবে।

বিক্রম মিস্রি আরও বলেন, উভয় নেতা সীমান্ত পাড়ের সন্ত্রাসবাদ নিয়েও আলোচনা করে, এর তীব্র নিন্দা করেছেন।

(বাইট )

উল্লেখ্য, ইউএই-র রাষ্ট্রপতির কার্যভার গ্রহণের পর এটি ভারতে নাহিয়ানের তৃতীয় সফর। অন্যদিকে গত এক দশকে এই নিয়ে পঞ্চম বার তিনি এদেশ সফরে এলেন।

*********************

আবু-ধাবি ন্যাশনাল অয়েল কোম্পানি এবং তার সহযোগী সংস্থাগুলি হিন্দুস্থান পেট্রোলিয়ামের সঙ্গে ১০ বছর মেয়াদের একটি চুক্তিতে স্বাক্ষর করেছে। এই চুক্তির ফলে দুই সংস্থার মধ্যে ২৫০ থেকে ৩০০ কোটি মার্কিন ডলার মূল্যে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস লেনদেন হবে।

সংযুক্ত আরব আমিরশাহির রাষ্ট্রপতি শেখ-মোহাম্মদ-বিন-জায়েদ-আল-নাহিয়ানের নতুন দিল্লি সফরকালে এই চুক্তিটির কথা ঘোষণা করা করা হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গেও তার এ নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। এই চুক্তির ফলে ২০৩০ সালের মধ্যে

ভারতের জ্বালানিতে প্রাকৃতিক গ্যাসের পরিমান ১৫ শতাংশে পৌঁছাবে বলে আবুধাবির ন্যাশনাল অয়েল কোম্পানি জানিয়েছে।

**********************

তামিলনাড়ুর রাজ্যপাল আর এন রবি বিধানসভা অধিবেশনের প্রারম্ভে ডিএমকে সরকারের তৈরি করে দেওয়া আনুষ্ঠানিক ভাষণ, সঠিক তথ্য নেই বলে পড়তে অস্বীকার করেছেন। লোক ভবন জানিয়েছে তামিলনাড়ু সরকার রাজ্যে ১২ লক্ষ কোটি টাকা বিনিয়োগ আকর্ষণ করেছে বলে যে দাবি করেছে - তা অসত্য। তিনি অধিবেশন শুরু হওয়ার কয়েক মিনিট পরেই অভিভাষণ পাঠ না করেই ২৩৪ সদস্যের সভা ত্যাগ করে চলে যান। রাজ্যপাল ভাষণ পাঠ না করার ১৩ টি কারণ লোকভবন থেকে প্রকাশ করা হয়েছে। জানানো হয়েছে রাজ্যপালের মাইক্রোফোন বারংবার বন্ধ করে দেওয়া হয়েছে এবং তাঁকে বলতে দেওয়া হয়নি। ভাষণটির মধ্যে অসংখ্য সারবত্তাহীন দাবি, বিভ্রান্তিকর বক্তব্য ও সাধারণ মানুষের সমস্যা সংক্রান্ত ইস্যুগুলিকে গুরুত্ব দেওয়া হয়নি বলে লোক ভবন সূত্রে জানানো হয়েছে।

*********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৫-শে জানুয়ারি আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

*********************

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে শুনবেন বিশেষ আলোচনা "শক্তিক্ষেত্রে আজকের ভারত "। সত্যেন বোস ন্যাশনাল সেন্টার ফর বেসিক সাইন্সের ডিরেক্টর ডঃ তনুশ্রী সাহা দাশগুপ্তর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*********************

ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশগুলির নেতারা আগামী বৃহস্পতিবার একটি জরুরি শিখর সম্মেলনের ডাক দিয়েছেন। ইউরোপীয় কমিশনের মুখপাত্র ওল্ফ গিল বলেছেন, মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের গ্রীনল্যাণ্ড অধিগ্রহণের অযৌক্তিক ইচ্ছার সঙ্গে সম্পর্কিত মার্কিন শুল্ক আরোপের হুমকি নিয়ে বৈঠকে আলোচনা করা হবে।

তিনি বলেছেন, EU, শুল্ক হুমকি নিয়ে ওয়াশিংটনের সঙ্গে আলোচনা করেছে এবং ইউনিয়নের অর্থনৈতিক স্বার্থরক্ষায় তারা সম্ভাব্য সব পদক্ষেপ নেবে। এদিকে মার্কিন রাষ্ট্রপতি আগেই জানিয়েছিলেন, তাদের জাতীয় নিরাপত্তার স্বার্থে গ্রীনল্যাণ্ড অধিগ্রহণ জরুরি। যদি কোনো চুক্তিতে তা সম্ভব না হয়, তবে তার দেশ শুল্ক আরোপ করবে।

*********************

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প গ্রীনল্যাণ্ড প্রসঙ্গ নিয়ে নাটোর মহাসচিব মার্ক রুটের সঙ্গে টেলিফোনে বার্তালাপ করেন। তিনি বলেন, দাভোসে বিভিন্ন গোষ্ঠীর সঙ্গে তিনিঁ এ বিষয়ে আলোচনা করেছেন। ট্রাম্প আবার বলেছেন, গ্রীনল্যাণ্ড অধিগ্রহণ, আমেরিকা এবং বিশ্ব নিরাপত্তার স্বার্থে অত্যন্ত জরুরি।

***********************

রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আরলেকরের অভিভাষনের মধ্য দিয়ে আজ কেরালা বিধানসভার বাজেট অধিবেশন শুরু হচ্ছে। ২৯শে জানুয়ারি অর্থমন্ত্রী কে এন বালাগোপাল বাজেট পেশ করবেন। চলতি বিধানসভার এটি শেষ অধিবেশন বলে মনে করা হচ্ছে। নির্বাচন কমিশন বিধানসভার দিনক্ষণ ঘোষণা করলে কেরালা বিধানসভার অধিবেশন ২৬ শে মার্চের আগেই সংক্ষিপ্ত করা হবে।

*********************

পাকিস্তানের ডেরা-মুরাদ-জামালির কাছে গতকাল অজ্ঞাত পরিচয় দুষ্কৃতীরা বিস্ফোরণ ঘটিয়ে রেললাইনের কিছু অংশ উড়িয়ে দেওয়ায় কোয়েটা ও পাকিস্তানের মধ্যে রেলযোগাযোগ বিঘ্নিত হয়। অজ্ঞাত পরিচয় দুষ্কৃতীরা নাসিরাবাদ জেলার এই অঞ্চলে বিস্ফোরক ব্যবহার করে এই নাশকতামূলক কাজ চালায়।

*********************

প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, নতুন দিল্লীর কর্তব্যপথে ৭৭ তম সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজের সাক্ষী থাকার জন্য প্রায় ১০ হাজার বিশেষ অতিথিকে আমন্ত্রণ জানানো হয়েছে। আয়বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি, বিনিয়োগ, স্টার্ট আপ, স্বনির্ভর গোষ্ঠী এবং বিভিন্ন সরকারী উদ্যোগে এঁদের অসামান্য অবদান রয়েছে।

মন্ত্রক জানিয়েছে, দেশ গঠন ও বিভিন্ন জাতীয় কর্মসূচীতে জন ভাগিদারী বাড়াতে তাদের ভূমিকাকে সম্মান জানাতেই এই আমন্ত্রণ। অতিথিদের তালিকায় রয়েছেন অ্যাথলেটিক প্যারা চ্যাম্পিয়ান, রূপান্তরকামী এবং পি এম স্মাইল প্রকল্পের অধীনে পুনর্বাসন পাওয়া ভিক্ষুক, জৈব চাষ করা কৃষক এবং অন্যরা।

*********************

কেন্দ্রীয় পুনর্নবীকরণযোগ্য শক্তিমন্ত্রী প্রহ্লাদ যোশী গতকাল সুইজারল্যান্ডের ডাভোসে ওমানের উপ-প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা ডক্টর সৈয়দ মহম্মদ আহমেদ আল সাক্রির সঙ্গে এক বৈঠকে মিলিত হন। পরে সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী যোশী জানিয়েছেন, পুনর্নবীকরণযোগ্য সৌরশক্তি কাজে লাগানোর ক্ষেত্রে ভারতের দক্ষতা, পরিবেশবান্ধব হাইড্রোজেন এবং আর্দ্র ও মরু অঞ্চলে শক্তি সংরক্ষণের বিষয়ে বৈঠকে তাদের মধ্যে মূলত আলোচনা হয়।

*********************

এবছরের খেলো ইন্ডিয়া শীতকালীন প্রতিযোগিতা আগামীকাল লেহ্- লাদাখে শুরু হচ্ছে। প্রশিক্ষক এবং টেকনিক্যাল সহায়ক সহ এক হাজারেরও বেশি পুরুষ ও মহিলা ক্রীড়াবিদ এতে অংশ নেবেন। এ বছরের নতুন আকর্ষণ হতে চলেছে অলিম্পিক ইভেন্ট 'figure

skating' । ৪৭২ জন প্রতিযোগী বরফের উপরে হওয়া দুটি খেলা - স্কেটিং এবং হকিতে অংশ নেবেন।

কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রী ডক্টর মনসুখ মান্ডবীয়া বলেন, ক্রীড়াবিদদের কাছে শীতকালীন বিভিন্ন গেমসে তাদের দক্ষতা প্রদর্শনের এক সুযোগ এনে দিচ্ছে খেলো ইন্ডিয়া উইন্টার গেমস।

*********************

মহিলাদের প্রিমিয়ার লিগ ক্রিকেটে আজ  দিল্লি ক্যাপিটালস, মুম্বই ইন্ডিয়ান্স এর মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরু চার ম্যাচে ৮ পয়েন্ট সংগ্রহ করে লিগ টেবিলের শীর্ষে রয়েছে।

মুম্বই ইন্ডিয়ান্স, গুজরাট জায়ান্টস, ইউপি ওয়ারিয়র্স তিনটি দলই চার পয়েন্ট করে সংগ্রহ করেছে। নেট রানরেটে ভিন্নতার কারণে মুম্বই দ্বিতীয়, গুজরাট তৃতীয় ও ইউপি চতুর্থ স্থানে রয়েছে, চার ম্যাচে দুই পয়েন্ট সংগ্রহ করে দিল্লি পঞ্চম স্থানে রয়েছে।

********************************************************************